উপজেলা পরিষদ কার্যালয়
সরিষাবাড়ী, জামালপুর।
**www.sarishabari.jamalpur.gov.bd**

**উপজেলা পরিষদ সরিষাবাড়ী, জামালপুর এর নভেম্বর/২০২৩ খ্রিঃ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ-**

সভাপতি ঃ বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ গিয়াস উদ্দিন পাঠান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী।
স্থান ঃ উপজেলা পরিষদ হলরুম।

তারিখ ঃ ০৯ -১১-২০২৩ খ্রিঃ,
সময় ঃ বেলা ১১.৩০ ঘটিকা।

উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক'।

শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উপজেলা পরিষদের সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সবাইকে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনালে বিনা সংশোধনীতে অনুমোদিত হয়। অত:পর নিম্নলিখিত বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র:নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা কৃষি বিভাগ । | কৃষি সম্প্রসারণ আওতাধীন 'সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ' প্রকল্পের আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরে চলতি আমন মৌসুমে কম্বাইন হারভেস্টার (ধান,গম ও ভূট্টা) রাইস ট্রান্সপ্লান্টার (ওয়াকিং ও রাইডিং), এবং রিপার ও রিপার বাইন্ডার যন্ত্রের যন্ত্রভিত্তিক উন্নয়ন সহায়তা (ভর্তুকি) প্রদান করা হবে । এক্ষেত্রে আগ্রহী কৃষক আগামী ২২ নভেম্বর ২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ে আবেদন করতে পারবেন । রোপা আমন ধানের কর্তন কার্যক্রম চলমান রয়েছে । চলতি মৌসুমে রোপা আমন ধানের বাম্পার ফলন হয়েছে ফলে লক্ষ্যমাত্রা পূরণ হবে । রবি মৌসুমের আবাদ কার্যক্রম ইতিমধ্যে শুরু হয়েছে । | মাঠে সার্বক্ষণিক কৃষকদের সাথে যোগাযোগ রাখতে হবে। কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে সঠিক ভাবে বিতরণ করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, সরিষাবাড়ী। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য বিভাগ । | ক. উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা বলেন, গত অক্টোবর মাসে ০৪ জন গর্ভবতী মহিলা উপজেলার বিভিন্ন ইউনিয়নে প্রসুতি কালিন, প্রসবকালিন অথবা প্রসব পরবর্তী জটিলতার মৃত্যুবরণ করেছেন । উপজেলা স্বাস্থ্য বিভাগ দ্বারা প্রতিটি ক্ষেত্রে সামাজিক ময়নাতদন্ত করে প্রতিয়মান হচ্ছে যে, প্রতিটি ক্ষেত্রে গর্ভবতী মহিলারা স্বাস্থ্য বিভাগের কাছ হতে স্বাস্থ্য সেবা যথাযথ ভাবে গ্রহন করেননি এবং প্রসবের ক্ষেত্রে সরকারী হাসপাতালে সেবা না নিয়ে নিজ উদ্দোগে বাড়ীতে অপ্রশিক্ষিত দাই দ্বারা প্রসবের চেষ্টা করা হয়েছে । নিরাপদ মাতৃত্ব ও নিরাপদ প্রসব নিশ্চিত করতে প্রাতিষ্ঠানিক প্রসব বৃদ্ধিতে স্বাস্থ্য বিভাগের চেষ্টায় সকলের সহযোগিতা কামনা করছি ।<br>খ. উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়মিত ডেঙ্গু রোগীদের চিকিৎসা চলছে । ০৮/১০/২০২৩ ইং তারিখ পর্যন্ত মোট ১৯৯ জন ডেঙ্গু রোগীকে চিকিৎসা দেয়া হয়েছে । এছাড়া বন্যা পরিস্থিতি এবং ডায়রিয়ার প্রকোপের জন্য উপযুক্ত পূর্ব প্রস্তুতি নেয়া হয়েছে ।<br>গ. পোগলদিঘা ইউনিয়ন চেয়ারম্যান বলেন যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কিছু ফ্যান প্রদান করার জন্য অনুরোধ করেন। স্বাস্থ্য অধিদপ্তর হতে এয়ারকন্ডিশনার এবং আইপিএস | ক. অক্টোবর মাসে ০৪ জন গর্ভবতী মহিলা উপজেলার বিভিন্ন ইউনিয়নে প্রসুতি কালিন, প্রসবকালিন অথবা প্রসব পরবর্তী জটিলতার মৃত্যুবরণ করেছেন । ময়নাতদন্ত করে প্রতিয়মান হচ্ছে যে, প্রসবের ক্ষেত্রে সরকারী হাসপাতালে সেবা না নিয়ে নিজ উদ্দোগে বাড়ীতে অপ্রশিক্ষিত দাই দ্বারা প্রসবের চেষ্টা করা হয়েছে ।<br>খ. উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এ পর্যন্ত মোট ১৯৯ জন ডেঙ্গু রোগীকে চিকিৎসা দেয়া হয়েছে । এবং ডায়রিয়ার প্রকোপের জন্য উপযুক্ত পূর্ব প্রস্তুতি নেয়া হয়েছে । | ক.উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সরিষাবাড়ী। |

| ক্র:নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | সরবরাহ করা হয়েছে এবং প্যাথলজি বিভাগে রক্ত পরীক্ষার মেশিন "Automatic Cell Counter" সরবরাহ করা হয়েছে | | |
| ০৩ | উপজেলা প্রাণি সম্পদ বিভাগ। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় বলেন, গবাদি প্রাণি- ২১৪৪ টি, হাঁস-মুরগী- ২৩,০০৬টি। টিকা প্রদান গবাদিপ্রাণি ৫৮,৪২০ মাত্রা, হাঁস-মুরগী- ১০৩৯০০ মাত্রা । প্রশিক্ষণ- ৬১০ জন, কৃত্রিম প্রজনন- ৬৪৫ টি বাচ্চা উৎপাদন ২৩৩ টি, রাজস্ব আদায়- টিকা ৩৮৭৮৫ কৃত্রিম প্রজনন- ৪৮৩৭৫/- বিবিধ রাজস্ব প্রাপ্তি খামার রেজিষ্ট্রেশন- ৫,১৭৫ ফি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প ৮১টি ।<br>অত্র দপ্তরে মাটি ভরাট প্রক্কলন সদয় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হলো এবং সভার সম্মনীত সভাপতিসহ সকল সদস্যের সুবিবেচনার জন্য আহবান করা হলে । | ক. গবাদি পশু ও হাঁস মুরগীর মড়ক প্রতিরোধে সব ধরণের আগাম প্রস্তুতি নিতে হবে । | ক. উপজেলা প্রাণি সম্পদ অফিসার, সরিষাবাড়ী। |
| ০৪ | সিনিয়র উপজেলা মৎস্য বিভাগ। | ক. উপজেলা মৎস্য বিভাগ সভায় অনুপস্থিত থাকায় তাহার কার্যবিবরণী গৃহীত হয়নি । | ক. সিদ্ধান্ত নাই। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, সরিষাবাড়ী। |
| ০৫ | উপজেলা প্রকৌশলী বিভাগ। | উপজেলা প্রকৌশলী বলেন, ২০২৩-২০২৪ অর্থ বৎসরের জিওবি মেইনটেন্যান্স এর ৭ টি রাস্তার কাজ চলমান আছে । যার মোট দৈর্ঘ ২০ কি.মি. প্রায় ।<br>জাইকা প্রকল্প থেকে অনুমোদন প্রাপ্ত অর্থ থেকে তিন টি প্রকল্প টেন্ডার করা হয়েছে ।<br>১। ভাটারা ইউপি কৃষ্ণপুর ভায়া চর হরিপুর বাজার সড়ক। ২। কামরাবাদ ইউপি শিমলা বাজার সড়ক। পোগলদিঘা ইউপি তেতুলতলা বাজার (১ম অংশ)। ৪। পোগলদিঘা ইউপি তেতুলতলা বাজার (২য় অংশ) ৫। আওনা ইউপি পঞ্চাশি বাজার সড়ক । ৬ । চর জামিরা বাজার আদ্রা বাজার সড়ক । ৭ । জগন্নথগঞ্জ ঘাট বাজার সড়ক । এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে সম্পন্ন করা হচ্ছে ।<br>খ. উপজেলা চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, প্রতি মাসে দুইটি করে রাস্তার কাজ পরিদর্শন করবেন, সাথে উপজেলা প্রকৌশলী সহ থাকবেন ।<br>গ. পোগলদিঘা ইউনিয়নের চেয়ারম্যান উপজেলা প্রকৌশলীকে বলেন, যে সকল রাস্তায় মেরামতের কাজ চলিতেছে তার কোন সঠিক তদারকি নাই তার ব্যবস্থা করা । | ক. জিওবি মেইনটেন্যান্স এর ৭ টি রাস্তার কাজ চলমান আছে । যার মোট দৈর্ঘ ২০ কি.মি. যা বাস্তবায়নাধীন আছে ।<br>খ. উক্ত প্রস্তাব সভায় সর্বসম্মতি ক্রমে গৃহীত হয় ।<br>গ. উপজেলা প্রকৌশলীকে ব্যবস্থা গ্রহন করা । | ক. উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী এলজিইডি, সরিষাবাড়ী। |
| ০৬ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ । | ক. অত্র উপজেলার আগামী ২২/১১/২০২৩খ্রিঃ তারিখ হতে সরকারি প্রাথমিক বিদ্যালয়-এ তৃতীয় প্রান্তিক মূল্যায়ন শুরু হতে যাচ্ছে। শিক্ষকদের শিক্ষাক্রম বিস্তরণ প্রশিক্ষণ মোট ১৯(উনিশ)টি ব্যাচের মধ্যে ১২(বারো)টি ব্যাচ এর প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে । ২০২৪ শিক্ষাবর্ষে চাহিদা মোতাবেক বিনামূল্যে পাঠ্যপুস্তক প্রাক-প্রাথমিক শ্রেণি-৪৪০০,১ম শ্রেণি- ৯১০০, ২য় শ্রেণি-৮৬০০, ৩য় শ্রেণি-৮৪০০, ৪র্থ শ্রেণি- ৮০০০ এবং ৫ম শ্রেণি-৮১৫০ সেট করে সর্বমোট মোট=২,০৪,৭৮৫(দুই লক্ষ চার হাজার সাতশত পঁচাশি)টি | ক. শিক্ষকদের শিক্ষাক্রম বিস্তরণ প্রশিক্ষণ মোট ১৯(উনিশ)টি ব্যাচের মধ্যে ১২(বারো)টি ব্যাচ এর প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে । এছাড়া শিক্ষকগণ উপস্থিতি বৃদ্ধির জন্য নিয়মিত হোম ভিজিট করবেন এবং মা সমাবেশ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>খ. ডিজিটাল হাজিরা বিষয়ে | ক. উপজেলা শিক্ষা অফিসার, সরিষাবাড়ী। |

| ক্র:নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | বই পাওয়া গেছে। এছাড়া শিক্ষকগণ উপস্থিতি বৃদ্ধির জন্য নিয়মিত হোম ভিজিট করবেন এবং মা সমাবেশ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>খ.উপজেলা চেয়ারম্যান প্রত্যেক টি প্রাথমিক বিদ্যালয়ে ডিজিটাল হাজিরা ব্যবস্থা থাকার কথা তা কি অবস্থায় আছে সে বিষয়ে জানতে চান ।<br>গ. ৮নং মহাদান ইউনিয়ন চেয়ারম্যান বলেন যে, বনগ্রাম সরকারী প্রাঃ বিদ্যালয়ে ছাত্র- ছাত্রীর সংখ্যা প্রায় ৩০০এর অধিক উক্ত বিদ্যালয়ে মাত্র ২(দুই) জন শিক্ষক পাঠদান করিতেছে যা অত্যন্ত কষ্টদায়ক । | বিস্তারিত সভায় অবহিত করা ।<br>গ. উপজেলা শিক্ষা অফিসারকে ডেপুটেশন এর মাধ্যমে আরও দুইজন শিক্ষকের ব্যবস্থা করা । | |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ। | ক. ২০২১ সালের ডিগ্রী ২য় বর্ষ ও সমমানা পর্যায়ের নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে । ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির নতুন কারিকুলাম এর প্রশিক্ষকগণ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে নতুন কারিকুলাম সংক্রান্ত প্ররির্দশন ও মনিটরিং করেন এবং ডিসেম্বর -২০২৩ খ্রিঃ তারিখে প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে।<br>খ. উপজেলা চেয়ারম্যান বলেন যে, বনগ্রাম মাদ্রাসা এবং জয়নগর মহিশা বাদুরিয় দাখিল মাদ্রাসা দুইটি খোলা আছে কিন্তু কোন ছাত্র নেই।<br>এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে সম্পন্ন করা হচ্ছে । | ক.। ২০২১ সালের ডিগ্রী ২য় বর্ষ ও সমমানা পর্যায়ের নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে । শিক্ষা প্রতিষ্ঠানে নতুন কারিকুলাম সংক্রান্ত প্ররির্দশন ও মনিটরিং করেন ।<br>খ.বনগ্রাম মাদ্রাসা এবং জয়নগর মহিশা বাদুরিয় দাখিল মাদ্রাসা দুটি তদন্ত করে ব্যবস্থা নেওয়া । | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সরিষাবাড়ী। |
| ০৮ | উপজেলা সমাজসেবা অফিস। | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলাভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি কর্মসূচি অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা বিশেষ শিক্ষা উপবৃত্তির উপকার ভোগীর লাইভ ভেরিফিকেশন ও নীতিমালার আলোকে প্রতিস্থাপনের জন্য সমাজসেবা অধিদফতরের নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট ইউনিয়ন কমিটি সার্বিক সহযোগিতায় উপকারভোগীর লাইভ ভেরিফিকেশন চলমান আছে । মৃত, নিখোঁজ, বিধবা ভাতাভোগী কিন্তু বর্তমানে স্বামী আছে, অন্যান্যদের নীতিমালা অনুযায়ী তাদের প্রতিস্থাপন করতে হবে । ভেরিফাইড ৮৫% ভাতাভোগীর পেরোল দেওয়া হয়েছে। বাকীদের ভেরিফিকেশন না হওয়ায় পেরোল প্রেরণ দেওয়া হয়নি। ভেরিফিকেশন সাপেক্ষে তাদের পেরোল দেওয়া হবে। প্রতি মঙ্গলবার সকাল ১০:০০ ঘটিকা থেকে দুপুর ১২:০০ ঘটিকা পযন্ত পল্লী সমাজসেবা কার্যক্রম (আর,এস,এস) পল্লীমাতৃকেন্দ্র কার্যক্রম (আর এম সি ) এসিডদগ্ধ প্রতিবন্ধী পুনবাসন কার্যক্রম চলমান আছে । ক্যান্সার, কিডনি, জন্মগত হৃদরোগ, স্ট্রোকে প্যারালাইড, থ্যালাসেমিয়া ও লিভার সিরোসিসে আক্রান্ত রোগীদের এক কালীন অনুদান প্রাপ্তির নিমিত্ত নির্ধারিত ফরম পূরণ পূর্বক প্রয়োজনীয় কাগজ সংযুক্ত করে আবেদন পত্র টি উপজেলা সমাজসেবা কার্যালয়ে জমা প্রদান করতে হবে। | ক. উপকারভোগীদের লাইভ ভেরিফিকেশন করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন কমিটি ও পৌরসভা বরাবর উপকার ভোগীর তালিকা প্রেরণ এবং মৃত, নিখোঁজ, বিধবাভাতাভোগী কিন্তু বর্তমানে স্বামী আছে তাদের নীতিমালা অনুযায়ী প্রতিস্থাপন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ক.উপজেলা সমাজসেবা অফিসার, সরিষাবাড়ী। |
| ০৯ | উপজেলা সমবায় অফিস। | ক. উপজেলা সমবায় অফিসার সভায় জানান, সমবায় সমিতি সমূহের অডিট সম্পাদন চলতি মাসে ১৮, মোট সম্পাদন ৭৬ সমবায় সমিতি সমুহের পরিদর্শন চলতি মাসে- | ক. সমবায়ীদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষন প্রদান করে, সক্ষমতা অর্জনের জন্য গুরুত্ব প্রদান করা | উপজেলা সমবায় অফিসার, |

| ক্র:নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | ০৫ টি, মোট সম্পাদন ২০ টি, রাজস্ব আদায়(ননটেক্স রেভিনিউ) চলতি মাসে ৬০০০ মোট সম্পাদন ২২,৬৫০/- - ,সমবায় উন্নয়ন তাহবিল আদায় ১২৪৭/- মোট সম্পাদন ৪০০১/-, সমবায় সমিতি সমূহের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান ১২ টি, মোট সম্পাদন ১৭ টি, সমবায় সমিতি সমূহের নির্বাচন অনুষ্ঠান চলতি মাসে- ০৩ টি, মোট সম্পাদন ১৩ টি, আই জি এ প্রশিক্ষণ প্রদান চলতিমাসে ০ মোট সম্পাদন ৮০, সমবায় সমিতি নিবন্ধন প্রদান চলতি মাসে ০ টি মোট ২ টি. দুগ্ধ প্রকল্পের ঋণ আদায় ৮৯,০০০/- মোট সম্পাদন ১১,৩৬,০০০/- আশ্রয়ন প্রকল্পের ঋণ আদায় চলতি মাসে- ৫০০/-, মোট সম্পাদন ১৫,৯২৫/-,সমবায়ীদের অবহিত করণ সভা চলতিমাসে ২টি মোট কর্ম সম্পাদন ১৪টি, স্ব-কর্মসংস্থান সৃষ্টি চলতি মাসে কর্ম সম্পাদন১০টি মোট কর্ম সম্পাদন ৫০টি। অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | হয় । এবং মাঠে ঋণ আদায়ে তৎপরতা বৃদ্ধি করতে হবে। | সরিষাবাড়ী । |
| ১০ | উপজেলা যুব উন্নয়ন অফিস। | উপজেলা যুবউন্নয়ন অফিসার সভায় জানান যে, ২০২৩-২০২৪ চলতি অর্থ বছরে আত্মকর্মসংস্থান কর্মসূচীর রাজস্ব খাতে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের লক্ষ্য মাত্রা ১৪ টি ব্যাচে ৩০ জন করে ৪২০ জন। অক্টোবর / ২০২৩ ইং পর্যন্ত ২ টি ব্যাচে ৬০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে আত্মকর্মসংস্থান ও পরিবার ভিত্তিক কর্মসূচীর ঋণ বিতরণের লক্ষ্য মাত্রা ৩৭,৪০,০০০/= (সাইত্রিশ লক্ষ চল্লিশ হাজার) টাকা। অক্টোবর/২০২৩ ইং পর্যন্ত আত্মকর্মসংস্থান কর্মসূচীতে ১০ জনকে ৪,২০,০০০/= (চার লক্ষ বিশ হাজার) টাকা ঋণ প্রদান করা হয়েছে এবং পরিবার ভিত্তিক কর্মসূচীর ১ টি কেন্দ্র গঠনের কাজ প্রক্রিয়াধীন । অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সকল প্রকার প্রশিক্ষণ যাতে সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে এবং যুব/যুব মহিলাদের মাঝে সঠিক তদারকির মাধ্যমে ঋণ বিতরণ ব্যবস্থা নিতে হবে | উপজেলা যুব উন্নয়ন অফিসার, সরিষাবাড়ী। |
| ১১ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস। | ক. উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় বলেন, অক্টোবর /২০২৩ ইং মাসের নিম্নোক্ত সেবা প্রদান করা হয় । মোট জনসংখ্যা ঃ ৩৩১৪৯৪,মোট সক্ষম দম্পতি ৬৬৪৯০ জন,পুরুষ বন্ধ্যাকরণ -০০ জন, মহিলা বন্ধ্যাকরণ-০১ জন, আই. ইউ. ডি ৩৫ জন , ইমপ্লান্ট-০ জন, ইনজেকশন ২৭১৯ ভয়েল, খাবার বড়ি (সুখী) ১৮০৭৩ চক্র. খাবার বড়ি (আপন) ৪৪৬ চক্র, কনডম- ২৩০৫৪ পিছ । অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | ক. পরিবার পরিকল্পনার কার্যক্রমে সফলতা অর্জনে জোরালোভাবে কাজ করতে হবে এবং সফলতা কার্যক্রম ধরে রাখতে হবে। | ক. উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, সরিষাবাড়ী। |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক অফিস। | ২০২৩-২০২৪ অর্থ বছরের ভিডব্লিউবি সুবিধাভোগীদের নভেম্বর/২০২৩ ইং মাসের ভিডব্লিউবি বরাদ্দ প্রদান করা হয়েছে। ইতিমধ্যে মহাদানসহ কয়েকটি ইউনিয়নের মাল উত্তোলন ও বিতরণ করা হয়েছে। সাতপোয়া ইউনিয়নে ইতিমধ্যে অক্টোবর/২০২৩ মাসের মাল বিতরণ করা হয়েছে। মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় অক্টোবর/২০২৩ ইং পর্যন্ত সুবিধাভোগীদের নামের তালিকা অনলাইনে অনুমোদন করা হয়েছে। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পে সংগীত ও আবৃত্তির কার্যক্রম নিয়মিতভাবে পরিচালিত হচ্ছে। অত্র কার্যালয়ের আওতাধীন শিমলা গোপিনাথ মৌজা ১৫ শতাংশ জমির উপর ইতি মধ্যে যথাযথ আদালত কর্তৃক ১৪৪/১৪৫ ধারা জারি কার্যক্রম অবহ্যত রয়েছে। ইতোমধ্যে জনাব | ক. ২০২৩-২০২৪ অর্থ বছরের ভিডব্লিউবি সুবিধাভোগীদের অক্টোবর/২০২৩ ইং মাসের ভিডব্লিউবি মাল বিতরন করা হয়েছে । | ক. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সরিষাবাড়ী। |

| ক্র:নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | রবিউল ইসলাম, পিতা- আব্দুল মালেক ১৪৪ ধারা ভঙ্গ করে সরকারি ছুটির দিনে উক্ত ভূমিতে জোরপূর্বক কার্যক্রম চালায়। যাহা উপজেলা নির্বাহী অফিসার ও অফিসার ইনচার্জ, সরিষাবাড়ী মহোদয় অবগত আছেন।<br>খ. জয়িতা অন্বেষণে বাংলাদেশ শীর্ষক কার্যক্রমের ০৫ ক্যাটাগরীর জয়িতাগণের আবেদনপত্র প্রস্তুত পূর্বক জেলায় প্রেরণ করা হয়েছে । এছাড়াও অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হয়ে আসছে।<br>গ. উপজেলা চেয়ারম্যান বলে যে, সকল প্রকার সেবামূলক ভাতা একটি এপস এর মাধ্যমে নিয়ে আসার জন্য প্রস্তাব করেন । | খ. জয়িতা অন্বেষণে বাংলাদেশ শীর্ষক কার্যক্রমের ০৫ ক্যাটাগরীর পাচঁ জনকে মনোনীত করা চুড়ান্ত হয়েছে ।<br>গ. উক্ত প্রস্তাব সভার সকলে সম্মতি জ্ঞাপন করেন । | |
| ১৩ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস (বি.আর.ডিবি। | ক.বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়িত সরিষাবাড়ী উপজেলার ০৭ টি প্রকল্প/কর্মসূচির কাজ চলমান রয়েছে। ১. মূল কর্মসূচি (আবর্তক) ২. সমন্বিত দারিদ্র্য বিমোচন কর্মসূচী (সদাবিক) ৩. পল্লী প্রগতি কর্মসূচী ৪. মহিলা উন্নয়ন কর্মসূচী ৫. দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন, প্রক্রিয়াকরন ও বাজারজাতকরন শীর্ষক প্রকল্প ৬. বীর মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের আত্মকর্মসংস্থান ও প্রশিক্ষন প্রকল্প ৭. সরকারের বিশেষ প্রণোদনা এস এম ই ঋণ " প্রতিটি প্রকল্প/কর্মসূচীর কাজ ঋণ বিতরন, ঋণ আদায়, সঞ্চয় ও শেয়ার আদায় চলমান রয়েছে। ২০২৩-২৪ অর্থ বছরে ৭টি প্রকল্পের ঋণ বিতরনের মোট লক্ষ্যমাত্রা ১৬৪.৬৮ লক্ষ টাকা নির্ধারন করা হয়েছে। মাঠ পর্যায়ে ১১৩.৭৮ লক্ষ টাকা খেলাপী রয়েছে। মাঠ পর্যায়ের খেলাপী টাকা আদায়ের জন্য সমিতি পর্যায়ে সদস্যদের নোটিশ প্রদান করা হয়েছে। ২০২৩-২৪ অর্থ বছরে বার্ষিক কর্ম সম্পাদনে চুক্তির আলোকে মাঠ পর্যায়ের কাজ চলমান রয়েছে। আন্তঃবিভাগীয় তেমন কোন সমস্যা নেই। | ক. মাঠে খেলাপী ঋণ আদায়ে জোরালো ভূমিকা রাখতে হবে। | ক. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সরিষাবাড়ী। |
| ১৪ | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন অফিস। | ক. উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন বিভাগ সভায় অনুপস্থিত। | ক. সিদ্ধান্ত নাই । | ক. উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন অফিসার, সরিষাবাড়ী। |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস। | ক. উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ সভায় অনুপস্থিত । | সিদ্ধান্ত নাই। | ক.উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সরিষাবাড়ী। |
| ১৬ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। | ক. মানব সম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ, স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি প্রকল্প এর আওতায় ০৪ (চার) টি পাবলিক টয়লেট এবং কমিউনিটি ক্লিনিকের ০৯ টি ওয়াশ ইউনিট স্থাপনের কাজ চলমান আছে। মানব সম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ, স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি প্রকল্প এর আওতায় কমিউনিটি ভিত্তিক পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহে স্মল স্কীমের (৩০-৪০ বাড়ী) কাজ চলমান আছে। সাবমার্সিবল পাম্পযুক্ত কমিউনিটি ভিত্তিক নলকূপ (প্রতি ১০পরিবারের জন্য ০১ টি) এর সাইট নির্বাচনের কাজ চলমান | ক. উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা চেয়ারম্যান সভায় বলেন যে, সকল প্রকল্পের কাজ সরকারী নীতিমালা অনুযায়ি শেষ করা জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে অবহিত করেন । | ক. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সরিষাবাড়ী। |

| ক্র:নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক এর নির্মাণ কাজ চলমান আছে। | | |
| ১৭. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা। | কোন কার্যপত্র পাওয়া যায় নাই । | | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা, সরিষাবাড়ী। |
| ১৭ | উপজেলা পরিবেশ ও বন কর্মকর্তা। | উপজেলা চেয়ারম্যান উপজেলা বন কর্মকর্তকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পরিষদ সিএ কে অহবান করেন । | | উপজেলা পরিবেশ ও বন কর্মকর্তা, সরিষাবাড়ী । |
| ১৮ | আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক। | ক পল্লীসঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপক সভায় জানান যে, উপজেলায় ব্যাংকে মোট ২১০টি সমিতিতে ১০৫৮১ জন সদস্য নিয়ে সঞ্চয় আদায় ও ঋণ কার্যক্রম চালু রয়েছে। সক্রিয় ঋণী আছে ৬৩০৮ জন (এসএমইসহ)।সদস্যর সঞ্চয় আছে ৬,৩৬,৭৪,৯১৩/-টাকা ও ঋণের স্থিতি আছে ২১,৬৫,৪৯,৯৬১/-।এ পর্যন্ত শাখায় ১১৪৩ জন সদস্য প্রত্যাহার হয়েছে। বর্তমান অর্থ বছরের আদায়ের হার ৭৬% এবং অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>খ. পিংনা উই. পি. চেয়ারম্যান বলেন তার উইনিয়নে পল্লী সঞ্চয় ব্যাংক এর যে লোক কাজ করত এখন আর তাকে পাওয়া যায়না । যার কারণে এর সাথে সম্পৃক্ত সদস্যরা সভাবিক কার্যক্রম করতে পারছেনা । | ক. উপজেলায় ব্যাংকে মোট ২১০টি সমিতিতে ১০৫৮১ জন সদস্য নিয়ে সঞ্চয় আদায় ও ঋণ কার্যক্রম চালু রয়েছে।<br>খ. পল্লীসঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপককে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য । | পল্লীসঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপক । |
| ১৯ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) সভায় জানান, ইউজিডিপি'র আওতায় ৬ষ্ট পর্যায়ে অবকাঠামো উন্নয়ন প্রকল্পের জন্য ৫০ লক্ষ টাকার ৩ (তিন) টি প্রকল্পের দরপত্র আহবান করা হয়েছে । উপজেলা পরিষদের ওয়েব পোর্টালটি নিয়মিত হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট বিভাগ গুলোকে প্রয়োজনীয় তথ্য প্রদান করার জন্য আহবান করা হচ্ছে । | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় ৬ষ্ঠ পর্যায়ের টেন্ডার প্রক্রিয়া যথাযথ ভাবে সম্পাদন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)। |
| ২১ | উপজেলা পাট পরিদর্শক | উপজেলা পাট কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে পাটের ফলন ভালো হয়েছে। পাটের দাম কম থাকায় পাট ব্যবসায়িরা লোকসানের মুখে পাড়েছে । এজন্য গত বৎসরের তুলনায় এ বৎসর প্রায় ৫০ টি লাইসেন্স কম হয়েছে। | রাজস্ব আয় আরও বাড়াতে হবে। | উপজেলা পাট পরিদর্শক । |
| ২২ | বিদ্যুৎ বিভাগ। | **ক. উপজেলা চেয়ারম্যান বলেন যে, বিদ্যুৎতের যে সকল লাইন যুকিপূর্ন অবস্থায় আছে, তা পরিবর্তন করার জন্য বলেন । এবং উপজেলা নির্বাহী অফিসার বলেন, তারাকন্দি যমুনা ফার্টিলাইজার এর সামনে থেকে ঝুকিপূর্ন অবস্থায় বিদ্যুৎতের তার আছে তার ব্যবস্থা নেওয়ার জন্য বিদ্যুৎ বিভাগকে অনুরোধ জানান ।** | ক. পিডিবি / পল্লী বিদ্যুৎ লাইন যেখানে ঝুকিপূর্ন অবস্থায় আছে তার সংস্কার এর ব্যবস্থা করা । | নির্বহী প্রকৌশলী পিডিবি / ডিজিএম পল্লী বিদ্যুৎ |
| ২৩. | বিবিধ আলোচনা। | **ক.** অদ্য ১৫/১১/২০২৩ খ্রি. তারিখ জনাব মোঃ শফিউর রহমান, জেলা প্রশাসক, জামালপুর জেলাধীন সরিষাবাড়ী উপজেলার পৌরসভার অন্তর্গত বাউসি পপুলার ব্রীজ সংলগ্ন চত্বরে মুক্তিযুদ্ধ জাদুঘর নির্মাণ এর জায়গা/স্থান পরিদর্শন করেন। পরিদর্শন কালে জনাব বীর মুক্তিযোদ্ধা মোঃ গিয়াস উদ্দিন পাঠান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, | ক. মহান মুক্তিযুদ্ধে অংশ গ্রহণ কারী ও শাহাদাত বরনকারী ব্যক্তি দের স্মৃতি রক্ষার্থে এখানে একটি মুক্তিযুদ্ধ জাদুঘর নির্মাণ করা প্রয়োজন । উপস্থিত সকল সদস্যের সবার সম্মতিতে উক্ত প্রস্তাব সভায় গৃহীত হয় । | উপজেলা চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার, |

| ক্র:নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | জামালপুর, জনাব শারমিন আক্তার, উপজেলা নির্বাহী অফিসার, সরিষাবাড়ী, জামালপুর, জনাব মুহ. সাদ্দাম হোসেন, সহকারী কমিশনার (ভূমি), সরিষাবাড়ী, জামালপুর সহ অন্যান্য কর্মকর্তা/কর্মচারী গণ উপস্থিত ছিলেন।<br>মহান মুক্তি যুদ্ধে ১৯৭১ সালে ১০ অক্টোবর মুক্তিযোদ্ধা ও হানাদার বাহিনীর মধ্যে বাউসী পপুলার চত্বরে রেল লাইনের মুখোমখি যুদ্ধে ০৫ জন শহীদ হয় এবং ৪৬ জন্য গুরুতর আহত হন। মহান মুক্তিযুদ্ধে অংশ গ্রহণকারী ও শাহাদত বরণকারী ব্যক্তিদের স্মৃতি রক্ষার্থে উক্ত স্থানে একটি মুক্তিযুদ্ধ জাদুঘর নির্মাণ করা প্রয়োজন । যাতে বর্তমান ও ভবিষৎ প্রজন্ম মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস সম্পর্কে জানতে পারে।<br>মুক্তিযুদ্ধ যাদুঘর নির্মানের জন্য সরকার কর্তৃক ৬৬ (লক্ষ) টাকা বরাদ্দ ছিল যাহা দীর্ঘ সময় অতিবাহিত হওয়ার পর জমি/ জায়গা না পাওয়ার জন্য প্রকল্পটি বাতিল হয় । | | উপজেলা চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার, |
| | | খ. জার্মানির বার্লিনে অনুষ্ঠিত স্পেশাল অলিম্পিক ওয়ার্ল্ড গেমস-২০২৩ এ সুইড সরিষাবাড়ী বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়ের ০৬ জন ক্রীড়াবিদ বিভিন্ন ইভেন্টে(স্বর্ন ও রোপ্য) অর্জন করেছেন। | খ. উপজেলা পরিষদের তহবিল হইতে সংবর্ধনা ও সম্মাননা প্রদান করা হইবে । | |

সভাপতি সকল দপ্তরকে তাদের কার্যক্রম সম্পর্কে সভাপতিকে অবহিত করার জন্য অনুরোধ করেন । সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(বীর মুক্তিযোদ্ধা মোঃ গিয়াস উদ্দিন পাঠান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সরিষাবাড়ী, জামালপুর ।
তারিখ ঃ ০৯-১১- ২০২৩খ্রিঃ

স্মারক নং ঃ ০৫.৩০.৩৯৮৫.০০০.১৬.০১০.২৩-

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ-

০১। আলহাজ্ব ডাঃ মোঃ মুরাদ হাসান, এমপি,-১৪১ জামালপুর-৪
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, জামালপুর।
০৪। উপ- পরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
০৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সরিষাবাড়ী, জামালপুর।
০৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
০৭। জনাব ................................................................................................................................

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ-

০১। উপজেলা ........................................................................অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।
০২। চেয়ারম্যান,........................................................................ইউনিয়ন পরিষদ (সকল), সরিষাবাড়ী, জামালপুর।
০৩। জনাব .........................................................................

(শারমিন আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
সরিষাবাড়ী, জামালপুর।
ফোন নং- ০৯৮২৭-৫৬০১৮
email-unosarishabari@mopa.gov.bd

উপজেলা পরিষদের নভেম্বর/২০২৩ ইং মাসিক সভার হাজিরা তারিখ ঃ-০৫/১১/২০২৩খ্রিঃ

| ক্রমিক নং | নাম/ পদবী | স্বাক্ষর | মোবাইল নম্বর |
|---|---|---|---|
| ০১। | জনাব বীর মুক্তিযোদ্ধা মো ঃ গিয়াস উদ্দিন পাঠান, চেয়ারম্যান উপজেলা পরিষদ, সরিষাবাড়ী | | |
| ০২। | জনাব,শারমিন আক্তার, উপজেলা নির্বাহী অফিসার, সরিষাবাড়ী | 01709970200 | [signature] ০৭/১১/২৩ |
| ০৩। | মুহ. মামুন হোসেন Acland | 01709970201 | [signature] |
| ০৪। | মোহাম্মদ রাকিবুল ইসলাম UHFPO (In charge) | 01751892844 | [signature] |
| ০৫। | মোছা: বেলী আক্তার | | বেলী |
| ০৬। | মোঃ আবুল হাশেম চেয়ারম্যান কামরাবাদ | ০১৭১৩০৮৪০৩৯ | [signature] |
| ০৭। | মো: আবু ওয়াহেদ চেয়ারম্যান মহাদান | ০১৭১২৪৮৪০২৩৮ | [signature] |
| ০৮। | হাজী মোঃ নজরুল ইসলাম | ০১৭১৬৮২১১২৯৭ | ইসলাম |
| ০৯। | এ,কে,এম, আনিছুর রহমান চেয়ারম্যান ভাটারা ইউ; পি: | 01716-680232 | [signature] |
| ১০। | মোঃ জাকারিয়া আলম (মানিক) চেয়ারম্যান ইউ: পোগলদিঘা | | [signature] |
| ১১। | মিসেস: মোছাম্মৎ লিপি বেগম, ভারপ্রাপ্ত চেয়ারম্যান | 01731293839 | [signature] |
| ১২। | মোঃ আব্দুর রাজ্জাক স্বপন চেয়ারম্যান, নং ডোয়াইল ইউ:পি: | 01727258115 | [signature] |
| ১৩। | মো: মাহমুদুল হাসান সহকারী প্রোগ্রামার, বিআরডিবি, সরিষাবাড়ী। | 01635273465 | মাহমুদুল |
| ১৪। | সুলতানা নাসরিন (খান) পরিদর্শক, উদ্ভাবনী দপ্তর সরিষাবাড়ী | 01930695910 | [signature] |
| ১৫। | মোঃ মাহবুবুর রহমান, UYDO | 01712770007 | [signature] |
| ১৬। | মো: সালাউদ্দিন সরকার - URDO | 01716-491683 | [signature] |
| ১৭। | মো: আক্তারুজ্জামান, পরিদর্শক (পাট) | 01711-196794 | [signature] |
| ১৮। | মোঃ আব্দুল হালিম, UEO | 01714788610 | [signature] |
| ১৯। | মোহাম্মদ রাসেল মাহমুদ মাঠ, আওনা ইউনি | 01329626717 | [signature] |
| ২০। | মো: মোস্তাফিজুর রহ. BM, PSB | 01938-879315 | [signature] |

| | | | |
|---|---|---|---|
| ২১। | মোঃ ওবায়দুর রহমান, USSO | 01679540168 | |
| ২২। | কামরুন নাজনীন UWAO | 01716-331753 | |
| ২৩। | মোঃ মোজাম্মেল হক, USEO | 01712145511 | |
| ২৪। | ডা. সাদিয়া আফরোজ, UFPO (অঃদাঃ) | 01727-329068 | |
| ২৫। | নাহিদা ইয়াসমিন UEO | 01718160216 | |
| ২৬। | মো: দেলোয়ার হোসেন খান, DGM Pally Bidyut Office | 01769400161 | |
| ২৭। | ডাঃ শ্যামল কান্তি দত্ত, ULO | 01324290138 | |
| ২৮। | অনুপ সিংহ, UAO | 01724835688 | |
| ২৯। | মোঃ মোস্তাফিজুর রহমান ওসি. মহিষমারী | 01320-105205 | |
| ৩০। | মোঃ মুকুল কবির | 01740-845928 | |
| ৩১। | মোঃ জাহিদুল ইসলাম | 01716366825 | |
| ৩২। | | | |
| ৩৩। | | | |
| ৩৪। | | | |
| ৩৫। | | | |
| ৩৬। | | | |
| ৩৭। | | | |